দৈনিক জনকণ্ঠ

তারিখ ...24 DEC 1995 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

25

# চ.বি. ॥ শিক্ষক নিয়োগে বিশেষ প্রার্থীর প্রতি এই আনুকূল্য কেন?

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে নিয়মবহির্ভূত শিক্ষক নিয়োগের উদ্যোগ আংশিক বানচাল হয়েছে। একই সাথে এক শিক্ষকের পদোন্নতি সুপারিশ বাতিল হয়েছে। বর্তমান ভিসির মেয়াদকালের সর্বশেষ সিন্ডিকেট সভায় শনিবার এ সিদ্ধান্ত নেয়া হয়। খবর বিশ্ববিদ্যালয় সূত্রের।

ভিসির মেয়াদ শেষ হওয়ার আগেই বেশ কয়েকটি নিয়োগ ও পদোন্নতি নিয়ে ঘাপলা সৃষ্টি হয়। বাংলা বিভাগে তৃতীয় বিভাগপ্রাপ্ত পিএইচডিবিহীন সহকারী অধ্যাপক পদে নিয়োগ চূড়ান্ত করার নীল নক্সা শনিবার জনকণ্ঠে প্রকাশিত হয়। সিন্ডিকেট সভাতেই তাকে নিয়োগ দেয়ার প্রস্তুতি তড়িঘড়ি করে সম্পন্ন করা হয়। তবে পিএইচডি ডিগ্রী লাভ করা পর্যন্ত তাকে নিয়োগপত্রের জন্য অপেক্ষা করতে হবে। প্রশ্ন উঠেছে যোগ্য প্রার্থী থাকা সত্ত্বেও ঐ বিশেষ প্রার্থীর জন্য বাংলা বিভাগ কার স্বার্থে অপেক্ষা করবে? ১৬ সদস্যের সিন্ডিকেটের সভায় ১১ জন উপস্থিত ছিলেন। ৭৫টি এজেন্ডার মধ্যে ৩৫টি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। সিন্ডিকেটের সিদ্ধান্ত মোতাবেক রসায়ন বিভাগে তাপসী ঘোষকে সহকারী অধ্যাপিকা পদে এডহক অথবা ভিসির ক্ষমতাবলে সরাসরি নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিন্ডিকেট ইতিহাস বিভাগের অধ্যাপক পদে হায়াত হোসেনের পদোন্নতির সুপারিশ বাতিল করেছে।